

আর্থিক সহায়তা: ক্রাইস্টচার্চে মসজিদ হামলায়

২০১৯ সালের ৩রা জুন থেকে, মসজিদে হামলায় ক্ষতিগ্রস্থদের
আমরা আর্থিক সহায়তা প্রদান করছি।

আপনি যদি নিজের এবং পরিবারের প্রয়োজন মেটাতে পর্যাপ্ত অর্থ
উপার্জনে অপারগ হন এবং আপনি যদি মসজিদ হামলায় ক্ষতিগ্রস্থ
হয়ে থাকেন, এখানে উল্লেখিত উপায়ে আমরা আপনাকে সাহায্য
করতে পারি।

আমার ক্রাইস্টচার্চ রেসপন্স ভিসা রয়েছে

আপনার ভিসাটি যদি ক্রাইস্টচার্চ রেসপন্স ভিসা হয়ে থাকে আপনি মূল
সুবিধা সহ অন্যান্য আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য বিবেচিত হতে পারেন। এ
জন্য আপনাকে নিউজিল্যান্ডে দুই বৎসর যাবৎ বসবাসকারী (রেসিডেন্ট)
হবার প্রয়োজনীয়তা নেই।

এর মধ্যে যারা নিউজিল্যান্ডে দুই বছরেরও কম সময় যাবৎ স্থায়ীভাবে
(রেসিডেন্ট) বসবাস করছেন এবং ক্রাইস্টচার্চ রেসপন্স ভিসার জন্য যোগ্য
হবেন তাঁরাও বিবেচিত হবেন।

আমি ক্রাইস্টচার্চ রেসপন্স ভিসার জন্য যোগ্যতা অর্জন করেছি

আপনি যদি ক্রাইস্টচার্চ রেসপন্স ভিসার জন্য যোগ্য হোন, তবে আমরা
আপনাকে মিনিস্ট্রি অফ সোশ্যাল ডেভেলপমেন্ট (এমএসডি) থেকে
ক্রাইস্টচার্চ ভাতা প্রদান করতে পারি।

বিস্তারিত অপর পৃষ্ঠায় দেখুন।

আমি ক্রাইস্টচার্চ রেসপন্স ভিসার জন্য যোগ্যতাসম্পন্ন নই

যদিঃ

- আপনি এখানে অস্থায়ী ভিসায় বসবাসরত থাকেন, **এবং**
- আপনি মসজিদসমূহে হামলার সময় উপস্থিত, (অথবা) আহত বা
নিহতের কোন নিকটাত্মীয় হোন

আপনি মিনিস্ট্রি অফ সোশ্যাল ডেভেলপমেন্ট (এমএসডি) থেকে সদ্য চালু
করা ক্রাইস্টচার্চ ভাতা সুবিধা পেতে যোগ্যতাসম্পন্ন হতে পারেন। 'ঘনিষ্ঠ/
নিকটভাবে সম্পর্কিত' দ্বারা বুঝায় যে, আপনি তাদের পার্টনার (স্বামী/স্ত্রী),
পিতামাতা বা প্রাপ্তবয়স্ক (অপোষ্য) সহোদর বা সন্তান।

বিস্তারিত অপর পৃষ্ঠায় দেখুন।

আমি মসজিদ বা ক্রাইস্টচার্চ মুসলিম সম্প্রদায়ের সাথে সম্পৃক্ত এবং হামলার কারণে মানসিক ভাবে বিপর্যস্ত।

যদিঃ

- আপনি উক্ত দুইটি মসজিদের বা ক্রাইস্টচার্চের মুসলিম সম্প্রদায়ের
অংশ, অথবা সম্পৃক্ত, **হোন এবং**
- আপনি ১৫ মার্চ ২০১৯ এ নিউজিল্যান্ডে অবস্থিত ছিলেন, **এবং**
- আপনি হামলার কারণে মানসিকভাবে বিপর্যস্ত বোধ করেন,

তবে আপনি মিনিস্ট্রি অফ সোশ্যাল ডেভেলপমেন্ট (এমএসডি) থেকে
সদ্য চালু করা ক্রাইস্টচার্চ ভাতা সুবিধা পেতে পারেন। ডাক্তার বা মনোবিদ
কর্তৃক আপনার চিকিৎসা নিশ্চিত করতে হবে। আমরা এই জন্য অর্থ
প্রদানের মাধ্যমে আপনাকে সহায়তা করতে সক্ষম হতে পারি,

বিস্তারিত অপর পৃষ্ঠায় দেখুন।

কিছু আর্থিক সহায়তায়, আপনি কি পরিমাণ
বরাদ্দ পেতে পারেন তা নির্ধারণে আমরা
আপনার উপার্জন এবং সম্পদের হিসাব
বিবেচনায় নিয়ে থাকি।

মসজিদসমূহে হামলায় ক্ষতিগ্রস্তদের জন্য নতুন ভাতা

মসজিদ সমূহে হামলায় ক্ষতিগ্রস্তদের জন্য এমএসডি থেকে একটি নতুন সাপ্তাহিক ভাতা চালু করেছে।
ক্রাইস্টচার্চের মসজিদসমূহে হামলায় ক্ষতিগ্রস্তদের ভাতা প্রদান করা হবে **৩রা জুন** থেকে। ভাতাটি এক বৎসর
পর্যন্ত বলবৎ থাকতে পারে।

আমি কি পরিমাণ (ভাতা) পেতে পারি?

আপনার পরিস্থিতি এবং অন্যান্য আর্থিক উপার্জনের ভিত্তিতে আপনার ভাতার পরিমাণ নির্ধারিত হতে পারে। প্রতি সপ্তাহে আপনি সাধারণত একই
পরিমাণ ভাতা পাবেন তবে আপনার পরিস্থিতির পরিবর্তনের ভিত্তিতে সময়ানুযায়ী ভিন্নতর হতে পারে। পরিস্থিতি অনুযায়ী আপনার সকল সহায়তা প্রাপ্তির
লক্ষ্যে আমরা আপনার সাথে যোগাযোগ অব্যাহত রাখবো।

মসজিদে হামলায় ক্ষতিগ্রস্ত হবার কারণে আপনি বিভিন্ন সংস্থা থেকে ত্রান সহায়তা পেতে পারেন- যা আপনার সম্ভাব্য সহায়তা প্রাপ্তির উদ্দেশ্যে আমাদের
পর্যালোচনায় আপনার উপার্জন বা নগদ সম্পদ হিসাবে গণ্য হবে না।

কিভাবে আমি আবেদন করবো?

যদি আপনার কোনও কেস ম্যানেজার থাকে, তবে আপনার নিজের বা আপনার পরিবারের যেসব সহায়তা প্রাপ্য তা সম্পর্কে তাদের সাথে কথা বলুন।

যদি আপনার কোন কেস ম্যানেজার না থাকে তবে দয়া করে কল করুন **০৮০০ ৫৫৯ ০০৯ (এই নম্বরে)**।

যদি আপনি (সাহায্য পাওয়ার জন্য) উপযুক্ত কিনা এ বিষয়ে নিশ্চিত না হোন, দয়া করে কল করুন যাতে আমরা আপনার সাথে এ ব্যাপারে কথা বলতে
পারি। এমনকি যদি আপনি তা না হন, আমরা যাচাই করবো অন্য কি উপায়ে আপনাকে সাহায্য করতে পারি।

আপনার নিজস্ব ভাষায় কথা বলার জন্য আমরা কোন একজন (দোভাষী) ব্যক্তির ব্যবস্থা করতে পারি। আপনি যখন কল করবেন, আমাদের জানান।

যদি আপনার বা আপনার পরিবারের কেস ম্যানেজার প্রয়োজন হয়, দয়া করে **০৩ ৯৬১ ৯২৫৭** এ কল করুন বা
ইমেল করুন **support@msd.govt.nz**